দৈনিক ইত্তেফাক

তারিখ 12 DEC 1992
পৃষ্ঠা ৩ কলাম ৫

22

23

## মাদ্রাসা কর্মচারীদের চাঁদা দানে বাধ্য করার বিষয়ে তদন্ত রিপোর্ট প্রকাশের দাবী

বেসরকারী মাদ্রাসার ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সভাপতি মোঃ মঞ্জুর আল হক ও সাধারণ সম্পাদক মোঃ আবুল কালাম আজাদ গত বৃহস্পতিবার এক যুক্ত বিবৃতিতে দুঃখ প্রকাশ করিয়া বলেন, মাদ্রাসা কর্মচারীদের সরকারী অনুদান হইতে প্রতিমাসে ১৫ দিনের চাঁদা আদায়ের জন্য জমিয়াতুল মোদারেসীনের পক্ষ হইতে

(৯ম পৃঃ দ্রঃ)

## মাদ্রাসা কর্মচারীদের

(৩য় পৃঃ পর)

প্রতিটি মাদ্রাসার অধ্যক্ষকে বাধ্য করার ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রণালয় গত মাসে তদন্তের নির্দেশ দিলেও আজও তদন্তের কোন অগ্রগতি হয় নাই। নেতৃদ্বয় তদন্তের রিপোর্ট গণতান্ত্রিক নিয়ম মোতাবেক সরকারী প্রেসনোট ও রেডিও টিভির মাধ্যমে ৩০ হাজার মাদ্রাসা কর্মচারী তথা দেশবাসীকে অবহিত করিতে সরকারের প্রতি দাবী জানাইয়াছেন।